**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
জকিগঞ্জ, সিলেট।

স্মারক নং- ৫২.০১.৯১.০০০.১৪.০০৩.২০২০- ০৬ তারিখ: ০৮/০১/২০২০ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী / গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে **সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে** নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র জকিগঞ্জ উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস পাস হতে হবে।তবে স্নাতক/ডিগ্রি (সমমান) পাস হলে অগ্রাধিকার দেয়া হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) হাতের লেখা অবশ্যই সুস্পষ্ট হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী / গণনাকারী | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। | ১) ন্যূনতম এইচএসসি / সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রিনসাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) হাতের লেখা অবশ্যই সুস্পষ্ট হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**বি:দ্র:** উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট (http://zakiganj.sylhet.gov.bd) ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (http://bbs.zakiganj.sylhet.gov.bd)থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক **স্বহস্তে** পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয় ও সংশ্লিষ্ট ইউনিয়ন অফিসের ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

২) তালিকা প্রণয়ন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি গণনাকারী ১০(দশ) দিনে মোট ৩৫০- ৪০০ খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১০০-১২০ খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫)লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬)লিস্টিং অপারেশন / শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭ )ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) সকল পদের আবেদন ফরম বন্ধখামের উপর ডান পার্শ্বে **পদের নাম, নিজ ইউনিয়নের নাম এবং মৌজার নাম** উল্লেখপূর্বক ১২/০১/২০২০ খ্রি: হইতে ২১/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ দেয়া হবে না।

১০) শুধু মাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে ৩০/০১/২০২০ খ্রিস্টাব্দে প্রকাশ করা হবে।

১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত গণনাকারী ও সুপারভাইজারদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

১৩) **নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

০৮/০১/২০২০
(বিজন কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
জকিগঞ্জ, সিলেট

# আবেদন ফরম

ফরম নং-____________
(অফিস কর্তৃক পূরণীয়)

**পদের নাম: গণনাকারী / সুপারভাইজার।** (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন দিন√)

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

১. প্রার্থীর নাম : বাংলায় : ____________
(ইংরেজি বড় অক্ষরে) : ____________

২. পিতার নাম : বাংলায় : ____________
(ইংরেজি বড় অক্ষরে) : ____________

৩. মাতার নাম : বাংলায় : ____________
(ইংরেজি বড় অক্ষরে) : ____________

৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
C/O : ____________
HOLDING NO : ____________
VILLAGE : ____________
P.O. : ____________
UPAZILA : ____________

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : ____________
৬. জন্ম তারিখ (ইংরেজিতে) : ____________
৭. যে মৌজায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন) : ____________
৮. শুমারি / জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ____________
৯. মোবাইল নম্বর (ইংরেজিতে) : ____________
১০ নিজস্ব স্মার্টফোন আছে কি না? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ / না
উত্তর হ্যাঁ হলে
আপনার ফোনের Android Verson:.......,
আপনার ফোনের স্ক্রীন সাইজ...........ইঞ্চি

১১ শিক্ষাগতযোগ্যতা :

| পরীক্ষারনাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ / শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

____________
প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

তারিখঃ | | | 0 | 1 | 2 | 0 | 2 | 0 |

সংযুক্তিসমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি কপি।
খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কপি(যদি থাকে)।
গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঘ) জাতীয়তা / নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি ।
ঙ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্রের ফটোকপি।